গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড,বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০১.২০২১-**৯৬০**

তারিখঃ ২০ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

নোটিশ

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের ২য় সভায় অংশগ্রহণ;

কারা অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ১.১ কার্যক্রমের আলোকে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টারে পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন প্রতিবেদন তৈরির নিমিত্ত কমিটির সভাপতি মহোদয়ের সভাপতিত্বে ০৬ অক্টোবর ২০২১ তারিখ বেলা ১০:০০ টায় সভাপতি মহোদয়ের অফিস কক্ষে একটি সভা অনষ্ঠিত হবে। বর্ণিত সভায় যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫/১০/২১

মোঃ মাইন উদ্দিন ভূইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৪৬৬ (দপ্তর)
aig.adm@prison.gov.bd

**<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণঃ</u>**

১) জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম, সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, কারা অধিদপ্তর, ঢাকা ও কারা উপ-মহাপরিদর্শক, ঢাকা বিভাগ।
২) জনাব সুব্রত কুমার বালা, সদস্য , সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, কারা অধিদপ্তর, ঢাকা, ও, সিনিয়র জেল সুপার (চঃদাঃ), রাজশাহী কেন্দ্রীয় কারাগার।
৩) জনাব প্রশান্ত কুমার বণিক, সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, কারা অধিদপ্তর, ঢাকা, ও সিনিয়র জেল সুপার (চঃদাঃ), রংপুর কেন্দ্রীয় কারাগার।
৪) জনাব মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন, সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, কারা অধিদপ্তর, ঢাকা ও জেল সুপার, টাঙ্গাইল জেলা কারাগার।
৫) ডেপুটি জেলার, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড,বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম<br>কারা উপ-মহাপরিদর্শক |
| সভার তারিখ | ০৬ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১০:০০ ঘটিকা |
| স্থান | সভাপতি মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব'কে অনুরোধ করা হলে সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ আলোচ্য বিষয়: কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ পর্যবেক্ষণ।

১.১ আলোচনা: সদস্য সচিব সভাকে অবহিত করেন, সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এ আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১.২ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের লক্ষ্যে গত ০৬ অক্টোবর ২০২১ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) বন্দি পুনর্বাসন ও কল্যাণ সেবা সহজীকরন:
(খ) ব্যবসায়িক লাইসেন্স প্রদান ও নবায়ন সেবাটি সহজীকরন;
(গ) পণ্য ও সেবা ক্রয় সেবা সহজীকরন;

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে কিনা তা পরিবীক্ষণ করার জন্য বিশদ আলোচনা হয়। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

১.২ সিদ্ধান্ত:

(ক) কারাগারে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রাপ্ত বন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কর্মসংস্থান খুঁজে পেতে সহায়তা প্রদান করা হয় অর্থাৎ সমাজসেবা/যুব উন্নয়ন/অন্যান্য সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে প্রত্যক্ষ/পরোক্ষ সহায়তা প্রদান করা হয়। তাছাড়া মুক্তিপ্রাপ্ত/বৃদ্ধ/ দুস্থ ব্যক্তিদের ভরণ পোষণের কেউ না থাকলে বয়স্ক পুনর্বাসন কেন্দ্রে ভরণ পোষণের বন্দোবস্ত করা হয়। তার সঠিকতা যাচাই করা;

(খ) কারাগার সমূহে পণ্য ও সেবা সরবরাহের নিমিত্তে প্রতি বছর নতুন নতুন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে কারা ঠিকাদারী লাইসেন্স প্রদান/ নবায়ন করা হয়। এ সংক্রান্ত সঠিকতা যাচাই-বাছাই করা;

(গ) প্রতি অর্থ বছরে কারাগারসমূহের জন্য কারা বাজেট হতে দরপত্রের মাধ্যমে পণ্য ও সেবা ক্রয় করা হয়। এসব পণ্য ও সেবার মধ্যে রয়েছে- বন্দি ও স্টাফদের জন্য রেশন সামগ্রী, ঔষধ ও চিকিৎসা সামগ্রী, ইউনিফর্ম সামগ্রী বিবিধ উপকরণ ইত্যাদি। দরপত্র পত্রিকায় প্রকাশের পর পিপিআর এর বিধিমালার আলোকে কারা ঠিকাদার ও অন্যান্য যোগ্য প্রতিষ্ঠানসমূহ এ দরপত্রে অংশগ্রহণ করতে পারেন। এর সঠিকতা যাচাই-বাছাই করা;

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে কিনা তা পরিবীক্ষণ করার জন্য বিশদ আলোচনা হয়। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

১.২ সিদ্ধান্ত:

(ক) সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ ও ক্রীড়া) যাচাই করে আবেদনপত্র দাখিলের পর সর্বোচ্চ ১-১৫ দিনের মধ্যে তথ্য প্রদান করবেন;

(খ) কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ) যাচাই করে আবেদনপত্র দাখিলের পর সর্বোচ্চ ০১ মাস এর মধ্যে তথ্য প্রদান করবেন;

(গ) কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ) যাচাই করে আবেদনপত্র দাখিলের পর পিপিআর অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করবেন;

২.০ আলোচ্য বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত কিছু সেবার কার্যক্রম দৈবচয়ন ভিত্তিতে যাচাই-বাছাই করা।

২.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবাসমূহের মধ্যে দৈবচয়ন ভিত্তিতে ০৩ টি সেবার কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা হয় কিনা তা যাচাই-বাছাই করার বিষয়ে মতামত প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়;

২.২ সিদ্ধান্তঃ

জানুয়ারী-মার্চ, ২০২২ সময়ে (ক) কারা কনভেনশন সেন্টার বরাদ্দ করণ (খ) কারাগার পরিদর্শন (গ) শিক্ষা ও গবেষণা এর

, কতটি আবেদন সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখিত সময়ের মধ্যে নিষ্পন্ন করা হয়েছে তা যাচাই করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি
কারা অধিদপ্তর, ঢাকা।
ও
কারা উপ-মহাপরিদর্শক
ঢাকা বিভাগ

**সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন**

উপর্যুক্ত বিষয়ে কারা অধিদপ্তরের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সভা ০৬ অক্টোবর ২০২১ তারিখে কমিটির সভাপতি জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম, কারা উপ-মহাপরিদর্শক, ঢাকা বিভাগ এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ০৬ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করা হয়। (সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত)

১। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক অনুষ্ঠিত ০৬ অক্টোবর ২০২১ তারিখের সভার সিদ্ধান্তসমূহ

(ক) বন্দি পুনর্বাসন ও কল্যাণ সেবা সহজীকরন:

(খ) ব্যবসায়িক লাইসেন্স প্রদান ও নবায়ন সেবাটি সহজীকরন;

(গ) পণ্য ও সেবা ক্রয় সেবা সহজীকরন বিষয়ে সংশ্লিষ্ঠ শাখার সাথে আলোচনাপূর্বক হালনাগাদের উদ্যোগ গ্রহণ করা।

সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির উল্লিকিথ সিদ্ধান্তসমূহের আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয় (পরিবীক্ষন কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত)

(ক) কারাগারে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রাপ্ত বন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কর্মসংস্থান খুঁজে পেতে সহায়তা প্রদান করা হয় অর্থাৎ সমাজসেবা/যুব উন্নয়ন/অন্যান্য সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে প্রত্যক্ষ/পরোক্ষ সহায়তা প্রদান করা হয়। তাছাড়া মুক্তিপ্রাপ্ত/বৃদ্ধ/ দুস্থ ব্যক্তিদের ভরণ পোষণের কেউ না থাকলে বয়স্ক পুনর্বাসন কেন্দ্রে ভরণ পোষণের বন্দোবস্ত করা হয়। তার সঠিকতা যাচাই করা;

(খ) কারাগার সমূহে পণ্য ও সেবা সরবরাহের নিমিত্তে প্রতি বছর নতুন নতুন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে কারা ঠিকাদারী লাইসেন্স প্রদান/ নবায়ন করা হয়। এ সংক্রান্ত সঠিকতা যাচাই-বাছাই করা;

(গ) প্রতি অর্থ বছরে কারাগারসমূহের জন্য কারা বাজেট হতে দরপত্রের মাধ্যমে পণ্য ও সেবা ক্রয় করা হয়। এসব পণ্য ও সেবার মধ্যে রয়েছে- বন্দি ও স্টাফদের জন্য রেশন সামগ্রী, ঔষধ ও চিকিৎসা সামগ্রী, ইউনিফর্ম সামগ্রী বিবিধ উপকরণ ইত্যাদি। দরপত্র পত্রিকায় প্রকাশের পর পিপিআর এর বিধিমালার আলোকে কারা ঠিকাদার ও অন্যান্য যোগ্য প্রতিষ্ঠানসমূহ এ দরপত্রে অংশগ্রহণ করতে পারেন। এর সঠিকতা যাচাই-বাছাই করা;

২. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:-

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক ০৬ অক্টোবর ২০২১ তারিখে যাচাই-বাচাই পূর্বক দেখা যায়-

(ক) বন্দি পুনর্বাসন ও কল্যাণ সেবা হালনাগাদকরণের কাজ সম্পন্ন করা হয়েছে।

(খ) ব্যবসায়িক লাইসেন্স প্রদান ও নবায়ন সেবাটি হালনাগাদকরণের কাজ সম্পন্ন করা হয়েছে।

(গ) পণ্য ও সেবা ক্রয় সেবা সহজীকরন হালনাগাদকরণের কাজ সম্পন্ন করা হয়েছে।

৩. এছাড়াও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির ০৬ অক্টোবর ২০২১ তারিখের সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

অক্টোবর-ডিসেম্বর, ২০২১ সময়ে (ক) বন্দি পুনর্বাসন ও কল্যাণ সেবা সহজীকরণ (খ) ব্যবসায়িক লাইসেন্স প্রদান ও নবায়ন সেবাটি সহজকরন (গ) পণ্য ও সেবা ক্রয় সেবা সেবা কার্যক্রমে কতটি আবেদন গৃহীত হয়েছে, কতটি আবেদন সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পন্ন করা হয়েছে তা যাচাই করা হয়েছে।

৪. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

পরিবীক্ষণ কমিটি কর্তৃক সংশ্লিষ্ট শাখার প্রয়োজনীয় ডকুমেন্ট যাচাই-বাছাইপূর্বক দেখা যায় ০৩টি সেবায় গৃহীত আবেদনসমূহ সময়মত নিষ্পত্তি করা হয়েছে।

৫. প্রতিবেদনটি সংশ্লিষ্ট সকলর সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০৬/১০/২১

জনাব মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি
কারা অধিদপ্তর, ঢাকা।
ও
জেল সুপার
টাঙ্গাইল জেলা কারাগার।

৬/১০/২১

জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি
কারা অধিদপ্তর, ঢাকা।
ও
কারা উপ-মহাপরিদর্শক
ঢাকা বিভাগ

**কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ২য় সভায় উপস্থিত**
**<u>কর্মকর্তাবৃন্দের তালিকা ও স্বাক্ষর:</u>**

সভাপতি : জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম
কারা উপ-মহাপরিদর্শক

তারিখ ও সময় : ০৬.১০.২০২১, বেলা ১০:০০ ঘটিকা

স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ

| ক্রঃ | কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম<br>সভাপতি<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা।<br>ও<br>কারা উপ-মহাপরিদর্শক<br>ঢাকা বিভাগ | ০১৭৬৯৯৭০১০০ | |
| ০২ | জনাব সুব্রত কুমার বালা<br>সদস্য<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা।<br>ও<br>সিনিয়র জেল সুপার (চঃদাঃ)<br>রাজশাহী কেন্দ্রীয় কারাগার। | ০১৭৬৯৯৭০৫১০ | |
| ০৩ | জনাব প্রশান্ত কুমার বণিক<br>সদস্য<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা।<br>ও<br>সিনিয়র জেল সুপার (চঃদাঃ)<br>রংপুর কেন্দ্রীয় কারাগার। | ০১৭৬৯৯৭১০১০ | |
| ০৪ | জনাব মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন<br>সদস্য সচিব<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা।<br>ও<br>জেল সুপার<br>টাঙ্গাইল জেলা কারাগার। | ০১৭৬৯৯৭০১৭০ | |